



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : পনি/পিএ-১১৯৭

তারিখ : ০৯-০৪-২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, সুশৃঙ্খল ও মানসম্মত পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্র সচিবদের সাথে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের মতবিনিময় সভায় উপস্থিত থাকার আমন্ত্রণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং : ৩৭.০০.০০০০.০০১.৯৯.০২.২০২৪-৩৭৭, তারিখ : ০৬-০৪-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, সুশৃঙ্খল ও মানসম্মত পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্র সচিবদের সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ড. আনাম আহম্মদ হক মিলন, এমপি মহোদয়ের মতবিনিময় সভা আগামী ১৩ এপ্রিল, ২০২৬ খ্রি. সোমবার বেলা ১১:০০ টায় যশোর পিটিআই অডিটোরিয়াম, পিটিআই রোড, ষষ্ঠীতলা পাড়া, যশোর সদরে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব অনিন্দ্য ইসলাম অমিত, এমপি। উক্ত মতবিনিময় অনুষ্ঠানে আপনার সদয় উপস্থিতি একান্ত কাম্য।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯-০৪-২০২৬

প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

১। জেলা শিক্ষা অফিসার

খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/
মেহেরপুর/যশোর/নড়াইল/বিনাইদহ ও মাগুরা।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

যশোর শিক্ষা বোর্ডের অধিন সকল উপজেলা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/বিনাইদহ ও মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর শিক্ষা বোর্ডের অধিন সকল উপজেলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
চেয়ারম্যান মহোদয়কে অবগতির জন্য।
- ৪। স্টেনোগ্রাফার সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
সচিব মহোদয়কে অবগতির জন্য।
- ৫। অফিস কপি।